দৈনিক বাংলা

তারিখ 31 MAR 1987
পৃষ্ঠা ... কলাম 1

02

ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

ঢাকা: মঙ্গলবার, ১৬ই চৈত্র, ১৩৯৩ : ৩১শে মার্চ, ১৯৮৭

# সঠিক পরিসংখ্যান

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সঠিক পরিসংখ্যানের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেছেন। পল্লী উন্নয়ন সংক্রান্ত এক ব্রিফিং অনুষ্ঠানে প্রেসিডেন্ট সর্বাধিক সংখ্যক মানুষের কল্যাণের উদ্দেশ্যে বাস্তব ভিত্তিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সঠিক পরিসংখ্যানগত তথ্য সংগ্রহের ওপর জোর দেন। পরিসংখ্যানের গুরুত্ব নিয়ে নতুন করে কিছু বলার দরকার করে না। আর সঠিক যদি না হয়, সে পরিসংখ্যানের কোনো অর্থই থাকে না। এ সবারই জানা কথা। তবু প্রেসিডেন্টকে দরকারী বা ব্যবহার্য পরিসংখ্যানের আগে সঠিক বিশেষণটি যোগ করতে হয়েছে। এই যোগ করাটাই আমাদের পরিস্থিতির একটি শোচনীয় দিকের প্রতি সকলের নজর আকৃষ্ট করার জন্যে পর্যাপ্ত মনে করি।

বর্তমান যুগটাই 'তথ্যের যুগ' বলে পরিচিত হয়ে উঠেছে। যে কোনো করণীয় নির্ধারণের আগে চাই তথ্য। আর আদতে এ তথ্যের বহুলাংশই পরিসংখ্যান। বিশেষ করে কোনো প্রকল্প নির্ধারণ কিংবা প্রণয়ন কাজ পরিসংখ্যান ছাড়া অকল্পনীয়। ফলে আমাদের এই পশ্চাৎপদ সমাজেও হরহামেশা পরিসংখ্যান উদ্ধৃত হতে দেখা যায়। ব্যবহৃতও হয়ে আসছে দীর্ঘকাল ধরে। তবু প্রায়ই বাস্তবায়ন শেষে প্রকল্পগুলোতে এমন সব গলদ ধরা পড়ে যার ব্যাখ্যা মেলা ভার। কার্যত যেসব তথ্য নির্ভর করে প্রকল্প প্রণীত হয়, সময়ের ব্যবধান প্রমাণ করে তা যথার্থ ছিল না। প্রায়ই তাই আমাদের পরিসংখ্যানের নির্ভর কিংবা ব্যবহার যোগ্যতা নিয়ে সন্দেহ উচ্চারিত হতে দেখা যায়।

পরিসংখ্যানের এই ফাঁক প্রেসিডেন্ট এরশাদের নজর এড়াতে পারেনি। আদতে দেশ ও জাতির ভাগ্যোন্নয়ন প্রয়াসে তাঁকে বারবার পরিসংখ্যানের মোকাবিলা করতে হচ্ছে। অন্যদিকে একই তাগিদ তাঁকে বারবার নিয়ে যাচ্ছে গণমানুষের ঘনিষ্ঠ নৈকট্যে। গোয়াল আর খাতা কোনোটাই তাই তাঁর অচেনা নয়।

প্রকৃত পরিসংখ্যানের নির্বিচার ব্যবহারে আমরা এমনই পারঙ্গম হয়ে উঠেছি যে, এ নিয়ে রসিকতাও জন্ম নিয়েছে বিস্তর। পরিসংখ্যান দিয়ে নাকি প্রমাণ করা সম্ভব, বুড়িগঙ্গায় পানির গভীরতা হাঁটু সমান। প্রমাণ করা যায়, কিন্তু এ তথ্যের উপর নির্ভর করে নদী পাড়ি দিতে গেলে বিপত্তি নিশ্চিত। এবং বিপত্তি ঘটছেও কম না। প্রেসিডেন্টের উক্তিটিকে সতর্কবাণী ধরে নিয়ে আমাদের এখনই সচেতন হওয়া প্রয়োজন।

এ ব্যাপারে গড়িমসির কোনো অবকাশ নাই যে, যত কঠোরই হোক সত্যকে সত্য বলেই নিতে হবে। রং ফলানো বা কাটছাঁট পরিসংখ্যানের কেবল বিকৃতিই ঘটায় না, এর ভিত্তিতে পরিকল্পিত তাবৎ কর্মকান্ডকেই ব্যর্থতায় পর্যবসিত করে। সকল অবস্থাতেই তাই, সঠিক পরিসংখ্যান কাম্য।